

বুয়েট ২৮ সেপ্টেম্বর খুলছে

ছাত্ররা আন্দোলন চালিয়ে যাবে

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : আগামী ২৮ সেপ্টেম্বর বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) খুলছে। এর আগে ২৭ সেপ্টেম্বর সকল আবাসিক হল খুলে দেওয়া হবে। বুয়েটের একাডেমিক সেশন পর্যালোচনা কমিটির সভায় গতকাল বিশ্ববিদ্যালয় খুলে দেওয়ার এই তারিখ ঘোষণা করা হয়।

এদিকে বুয়েটের আন্দোলনরত ছাত্রছাত্রীরা তাদের আন্দোলন কর্মসূচি চালিয়ে যাওয়ার ঘোষণা দিয়েছে। এর আগে গত ৮ জুন ছাত্রদের দুঃস্বপ্নের বন্দুকযুদ্ধে বুয়েটের কেমিকৌশল বিভাগের মেধাবী ছাত্রী সাবেকুন নাহার সনি নিহত হওয়ার পর সনি হত্যার বিচারের দাবিতে ছাত্রছাত্রীরা বিক্ষোভে ফেটে পড়ে। ছাত্রছাত্রীদের এ আন্দোলন ঠেকাতে বুয়েট কর্তৃপক্ষ ৮ জন অনির্দিষ্টকালের জন্য বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করেন। দীর্ঘ ৬৩ দিন বন্ধ থাকার পর

আন্দোলনরত ছাত্রছাত্রীরা ঘোষণা করে সনি হত্যার বিচার এবং আন্দোলনকারী ছাত্রদের বিরুদ্ধে নেওয়া শাস্তিমূলক ব্যবস্থা প্রত্যাহার করা না হলে তারা ক্লাসে ফিরে যাবে না।

ছাত্রছাত্রীরা সন্ত্রাসবিরোধী বুয়েট ছাত্রপ্রকৌশল ব্যানারে সাহত্যাকারীদের শ্রেণীর ও বিচার, সনির নামে ছাত্রী হলে নামকরণ, সনি হত্যার বিচারের দাবিতে আন্দোলনরত ছাত্রদের শান্তি প্রত্যাহার, বুয়েটে জারিকৃত ৬১-এর অধ্যাদেশ বাতিলসহ দফা দাবিতে আন্দোলন সংগ্রামসহ আমরণ অনশন কর্মসূচী ঘোষণা করে। কিন্তু কর্তৃপক্ষ তাদের সিদ্ধান্তে অটল থাকে বুয়েটের আন্দোলনরত ছাত্রছাত্রীদের আমরণ অনশনের সপ্ত দিনে গত ৮ সেপ্টেম্বর অনশনরত এবং আন্দোলনরত ছাত্রছাত্রীদের ওপর ছাত্রদল, শিবির এবং পুলিশের যৌথ হামলায় প্রায় শতাধিক ছাত্রছাত্রী আহত হয়। এরপর বুয়েট

● এরপর পৃষ্ঠা ২ কমান

বুয়েট ২৮ সেপ্টেম্বর খুল

● প্রথম পাতার পর
কর্তৃপক্ষ আবার পুনর্নির্দিষ্টকালের জন্য বিশ্ববিদ্যালয় ঘোষণা করেন। দীর্ঘ ৬৩ দিন বন্ধ থাকা পর ১১ আগস্ট বিশ্ববিদ্যালয় খুললে দিনের মাথায় তা পুনরায় বন্ধ করে দেয়। ২৮ সেপ্টেম্বর পর্যন্ত বুয়েট মোট দিন বন্ধ থাকলো।

গতকাল সকাল ১০টা থেকে ১২টা পর্যন্ত একাডেমিক সেশন পর্যালোচনা কমিটির সভায় বুয়েট খুলে দেওয়ার ত ঘোষণা করা হয়। শনিবার বিশ্ববিদ্যালয়ের খোলার আগে শুক্রবার বুয়েটের আবাসিক হল খুলে দেওয়া হবে। বুয়েটের রেজিস্ট্রার মুহাম্মদ শাহজাহান জা সকাল ৯টা থেকে ছাত্রছাত্রীদের পরিচয় দেখে হলে ঢুকানো হবে। এ ব্যাপারে বুয়েটের উপাচার্য মোহাম্মদ আলী মূর্ত্তা সঙ্গে তার অফিসে যোগাযোগ করা অফিস থেকে তার এপিএস জানান, পত্রিকার সঙ্গে কোনো কথা বলবেন না জানা গেছে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের খোলার তারিখ ঘোষণার ওপর বুয়েট খোলা নির্ভর করছিল। গত ১৪ সেপ্টেম্বর ঢাকা সিভিকের সভায় বিশ্ববিদ্যালয়ের খোলার তারিখ ঘোষণা করা হলে তার সপ্তাহের মাথায় গতকাল বুয়েট খোলা তারিখ ঘোষণা করা হয়।